2-3829 200Rs.

INDIA NON JUDICIAL

२००रु. Rs 200

सत्यमेव जयते

भारत

दो सौ रुपये TWO HUNDRED RUPEES

Admissible under Regn. Rule 21 and also u/s 5(1) of the West Bengal L.R. Act 1955, duly stamped (~~Exempted from stamp duty~~) under the Indian Stamp Act, 1899 as amended in 1964 Schedule 1A No 33
Process Fee
Paid in C. F. S. 3.50

A - 69.50
H 25.00
m(?) 4.00
N 1.20
99.70

দান পত্র দলিল :-

দানকৃত সম্পত্তির আনুমানিক মূল্য ৮,০০০.০০ আট হাজার টাকা মাত্র।

16.3-23

দান পত্র গ্রহিতা :- সেখ আবদুল মুজিত, পিতা মরহুম আবদুল আজিত, জাতি- মুসলমান, পেশা চাকুরী, সাং - লস্করপুর, রামকৃষ্ণনগর, থানা- সোনারপুর, জেলা ২৪ পরগনা।

দান পত্র দাত্রী :- মোসাম্মৎ মরিজান বেওয়া, স্বামী মরহুম ছালামত আলি মন্ডল, জাতি মুসলমান, পেশা গৃহস্থালী, সাং লস্করপুর রামকৃষ্ণ নগর, থানা- সোনারপুর, জেলা ২৪ পরগনা।

কস্য রায়ত স্থিতিবান স্বত্বের হাল ৪নং বিধি মতে রায়ত দখলী স্বত্বের স্বত্ব বিশিষ্ট স্বত্বীয় .১০ শতক পরিমিত খাবর সম্পত্তি যায় উক্ত ভূম্যাদির উপরিস্থিত - মাটির দেওয়াল ও টালির ছাউনি বিশিষ্ট একখানি ঘর যায় সাজ পাট ও আফলা সুফলা

7/2/83

760

নং ........ তাং ........ মূল্য ........

নাম শ্রী Shekh Abdul Aziz

ঠিকানা Laskarpore

থানা Sonarpore

ভেন্ডার শ্রী [signature]

আলিপুর পুলিশ কোর্ট
২৪ পরগণা, কলি-২৭

760 to 766

SEAL OF THE DISTRICT SUB-REGISTRAR 24 PARGANAS, ALIPORE

Presented for Registration at 11-15 A.M./P.M. on the 16th day of March 1983 at the Sadar Registration Office Alipore, 24 Parganas by Mleat. Manjan Bewa Executant / Claimant or one of the Executants / Claimants or Attorney for ........ Executant / Claimant under a Power of attorney No ........ for 19.. authenticated by the ........ Registrar of ........

Mleat Manjan Bewa
wife of Lt. Salamat Ali Mondal
of Laskarpur
Thana Ram Krishna Nagar
District 24 Pgs.
By Caste Muslim
By profession House wife

16.3.83

Identified by Idris Ali Sardar
Son of Lt. Nagen Sardar
of Naskarpur
Thana Sonarpur
District 24 Pgs.
By Caste Mohm.
By profession Busi.

মোসাম্মাৎ মাঞ্জুরান বেওয়া
দঃ ইদ্রিস আলি সরদার

3685

মোসাম্মাৎ মাঞ্জুরান বেওয়া
দঃ ইদ্রিস আলি সরদার

16.3.83

ইদ্রিস আলি সরদার

100Rs.

INDIA NON JUDICIAL

१०० रु.

Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES

(২)

সুফলা বৃক্ষাদী আকর আওলাতাদি ও সর্ব্ববিধ ইজমেন্ট রাইটস্ স্বত্বাদি সহ দরবস্তু হক হকুকের শুভ দান পত্র দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা ২৪ পরগনা, থানা ও সাব রেজিষ্ট্রি সোনারপুর, পরগণে মাগুরা, অত্র জেলা কালেকটারীর মহাল ৩-৫ নং তৌজি ভুক্ত জে, এল, নং ৫৭, রে: সা: নং - ১৭৪, মৌজা লস্করপুর গ্রামে বিগত জেলা জরীপের ৫৬৮ নং খতিয়ান, রিভিসন্যাল - সেটেলমেন্ট জরীপের ৫৭৪ নং খতিয়ান ভুক্ত ১০৩ নং দাগের •১০ শতক বাগান জমির মধ্যে •০৫ শতক বাগান জমি ও রিভিসন্যাল সেটেলমেন্ট জরীপের ৫৭৬ নং খতিয়ান - ভুক্ত ১০২ নং দাগের •১১ শতক ডাঙ্গা জমির মধ্যে •০৫ শতক, একুণে দুইটি - খতিয়ান ভুক্ত ২টি দাগের •১০ শতক বাগান ও ডাঙ্গা জমি অত্র দান পত্র দাত্রী বিগত ইং ১৯৫৭ সালে বারুইপুর সাব রেজিষ্ট্রি অফিসের রেজিষ্ট্রিকৃত ১নং বহির ২৩ নং - ভল্যুমের ১৪৯ হইতে ১৫১ নং পাতায় লিপিবদ্ধ ১২১১ নং এককেতা কোবালা দলিল -

761 3/83 1000/-

Sheikh Abdul Ajit
Laskarpore
Sonarpur

[illegible]

SEAL OF THE DISTRICT SUB-REGISTRAR ★ 24 PARGANAS ALIPORE ★

[illegible]
16.3.23

60 Rs.

সাঠ রুপয়া

৬০ রু. भारत INDIA 60RS

SIXTY RUPEES

(৮)

দলিল মূলে লস্করপুর গ্রাম নিবাসী মৃত মন্টু সরদারের পুত্র নগেন সরদারের নিকট - হইতে খরিদ করিয়া ও খরিদা সম্পত্তিতে দখলাদি গ্রহণে ও জমিদার সরকার সেরেস্তায় - নিজ নাম পত্তনে সরকার নির্দ্ধারিত খাজনা ও সেলামী প্রদানে ও উক্ত ভূম্যাদির উপরে গৃহাদি নির্ম্মাণ পূর্ব্বক দীর্ঘ দ্বাদশ বৎসরের বহু উর্দ্ধকাল যাবৎ নির্ব্যূঢ় স্বত্বে উক্ত - সম্পত্তি ও গৃহাদির উপস্বত্বাদি ভোগ ব্যবহার করিয়া আসিতেছি।

এক্ষণে, আমার বয়স প্রায় ৭০ বৎসর অতিক্রান্ত। প্রায়শ:ই নানারূপ বার্দ্ধক্য জনিত ব্যাধিতে ভুগিতেছি। শরীর ক্ষণস্থায়ী, কখন কি হয় বলা যায় না। সেকারণ, আমার জীবদ্দশায় আমার নামীয় উক্ত ও নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত - সম্পত্তির একটা বিহিত ব্যবস্থা করিবার ইচ্ছা আমার অন্তরে বহুদিন পূর্ব্ব হইতেই পোষণ করিয়া আসিতেছি। আমার তিনটি কন্যা। প্রথমা কন্যা রাবিয়া বিবি, মধ্যমা কন্যা - সাফিয়া বিবি ও তৃতীয়া কন্যা লুৎফান বিবি। আমার কোন পুত্র সন্তান নাই। কন্যাদিগকে আমার সামর্থ অনুযায়ী বিবাহ দিয়াছি। বিবাহের পর আমার প্রথম কন্যার ৫ পুত্র ও ১ কন্যা বিদ্যমান উক্ত কন্যা স্বামী গৃহে বসবাস করিতেছে। ছোট কন্যা লুফান বিবি ২টি পুত্র - সন্তান রাখিয়া এন্তেকাল করিয়াছে। দ্বিতীয়া কন্যা সাফিয়া বিবি এন্তেকাল করিয়াছে তাহার






তাহার এক পুত্র ও এক কন্যা। অত্র দান পত্র গ্রহিতা - তুমি আমার দ্বিতীয়া কন্যার পুত্র সম্পর্কে আমার নাতি হইতেছ। তুমি আমার এই বৃদ্ধ বয়সে সব সময় দেখা শুনা কর এবং আমাকে অতিশয় শ্রদ্ধাভক্তি কর। আমার যখন যা নিত্য নৈমিত্তিক কাজ তাহা তুমি সর্ব্বদা করিয়া দাও। তোমার কর্তব্য পরায়নতায় আমি অতিশয় মুগ্ধ। আশাকরি, তুমি - আমাকে এইরূপ ভাবে জীবনের শেষ দিন পর্য্যন্ত দেখাশুনা করিবে। এই আশায় ও তোমার প্রতি আমার স্বাভাবিক স্নেহ - ভালবাসার বশতঃ আমার উক্ত ও নিম্ন তপশীলে - বিশেষ ভাবে বর্ণিত সম্পত্তি ও গৃহাদি তোমাকে দান করিলাম। প্রকাশ থাকে যে, আমি - যতদিন জীবিত থাকিব, ততদিন উক্ত সম্পত্তি ও গৃহাদি ভোগ ব্যবহার করিব। আমার - মৃত্যুর পর, তুমি উক্ত সম্পত্তির দান, বিক্রয়, হস্তান্তর, অবস্থান্তর, রূপান্তরাদির - সর্ব্ব প্রকার ক্ষমতা গ্রহনে যদৃচ্ছা মতে পুত্র পৌত্রাদি ওয়ারিশান বা ভবিষ্যৎ স্থলাভিষিক্ত-গণ ক্রমে ভোগ দখল করিতে থাকিবে ও আমার মৃত্যুর পর, জমিদার সরকার সেরেস্তায় আমার নামের স্থলে তোমার নিজ নাম পত্তনে খাজনা ট্যাক্সাদি প্রদানে নিব্যূঢ় স্বত্বে - তোমার পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও ভবিষ্যৎ স্থলাভিষিক্তগণ ক্রমে ভোগ ব্যবহার করিতে থাকিবে। তাহাতে কেহ কালে কস্মিনেও কোনরূপ ওজরাপত্তি বা দাবী দাওয়া করিতে -

दस रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

१०रू. TEN RUPEES 10Rs.

(৫)

করিতে পারিব না বা পারিবেক না। করিলেও তাহা অত্র দান পত্র দলিল বলে সর্ব্বস্থানে সর্ব্বাদালতে অসিদ্ধ অগ্রাহ্য বাতিল ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবে।

প্রকাশ থাকে যে, দানকৃত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে অন্য কাহারও নিকট দান বিক্রয়, বন্ধকাদির দ্বারা হস্তান্তর করি নাই বা সরকার কিংবা কোন আধা সরকারী - প্রতিষ্ঠান কর্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই বা কাহারও খোরপোষের দায়ে কোন প্রকার প্রতিষ্ঠানে চার্জ্জ বা লিয়েন নাই বা কোন মসজিদ বা মন্দিরে অর্পণ করি - নাই। উহা দেবোত্তর বা পীরোত্তর সম্পত্তি নহে বা ফৌজদারী কিংবা দেওয়ানী মামলা - চলিত বা প্রচলিত নাই। সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ মুক্তাবস্থায় তোমাকে দান করিলাম।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে স্বজ্ঞানে স্বেচ্ছায় অন্যের বিনানুরোধে নিজ হিতার্থে অত্র দান পত্র দলিলের মর্ম্ম ও ফলাফল সমূহ সম্যক জ্ঞাত হইয়া অত্র দান পত্র দলিল তোমার নাম বরাবর সহি সম্পাদন ও রেজিষ্ট্রি করিয়া দিলাম। ইতি তাং ইংরাজী সন ১৯৮৩ সালের ১৫ই- মার্চ্চ, বাংলা সন ১৩৮৯ সালের ৩১শে ফাল্গুন।

5 RS

INDIA

पाँच रुपये

सत्यमेव जयते

FIVE RUPEES भारत FIVE RUPEES

(৬)

দানকৃত সম্পত্তির তপশীল পরিচয় :-

***************************

জেলা ২৪ পরগনা, থানা ও সাব রেজিষ্ট্রি সোনারপুর, পরগণে মাগুরা, অত্র জেলা কালেকটারীর মহাল ৩- ৫নং তৌজি ভুক্ত জে, এল, নং ৫৭, রে: সা: নং ১৭৪, মৌজা লস্করপুর গ্রামে সাবেক ৫৬৮ নং হাল সেটেলমেন্ট জরীপের ৫৭৪ নং খতিয়ান ভুক্ত ১০৩ নং দাগের .১০ শতক বাগান জমির মধ্যে .০৫ শতক বাগান জমি ও হাল ৫৭৬ নং খতিয়ান ভুক্ত ১০২ এক শত দুই নং দাগের .১১ শতক জমির মধ্যে .০৫ শতক ডাঙ্গা জমি, একুনে দুইটি খতিয়ান ভুক্ত দুইটি দাগের সর্ব্ব মোট .১০ দশ শতক জমি যাহা বিগত ইংরাজী ১৯৫৭ সালে খরিদ করিয়াছিলাম, উক্ত .১০ দশ শতক সমুদয় জমি মায় উক্ত ভুম্যাদির উপরিস্থিত গৃহাদি অত্র দান পত্র দলিলের দানকৃত সম্পত্তি হইতেছে। যাহার হারাহারি - খাজনা .৮০ পয়সা মাত্র। শরিক নাই। দানকৃত সম্পত্তির আনুমানিক মূল্য ৮,০০০.০০ আট হাজার টাকা মাত্র।

প্রকাশ থাকে যে, দানকৃত সম্পত্তিতে কোন [illegible] নাই।

উহার চৌহদ্দি :-

****************

1Rs.

INDIA

एक रुपया

सत्यमेव जयते

ONE RUPEE भारत ONE RUPEE

(৭)

উহার চৌহদ্দি :-

**************

উত্তর :- শ্রী দীপক সরদার -

দক্ষিণ :- ১৬' ফুট - প্রসস্থ রাস্তা -

পূর্ব্ব :- ইউনিয়ন বোর্ড রাস্তা -

পশ্চিম :- শ্রী ভানু বণিক,

আমি অত্র দান পত্র গ্রহিতা -
আপনার এই দান সানন্দে গ্রহণ করিলাম।

সেখ আব্দুল মুক্তি

ইসাদী :-

(১) ইদ্রিস আলি সরদার
সাং লস্করপুর - থানা সোনারপুর।

(২) শ্রী দুলাল চক্রবর্তী
সাং :- লস্করপুর, রবীন্দ্রনগর, (বাদামতলা)
থানা :- সোনারপুর, ২৪ পরগনা,

(৩) শ্রী সুধাংশু চক্রবর্তী
সাং - বোড়াল মেইন রোড
থানা - সোনারপুর -
২৪ পরগনা -

টাইপ কারক :-
অরবিন্দ জানা -
শ্রী অরবিন্দ জানা,
আলিপুর পুলিশকোর্ট,
কলিকাতা- ২৭।

766 9/3/83

Shekh Abdul Alujit
Laokarpur
Sonarpore

আলিপুর পুলিশ কোর্ট
২৪ পরগণা, কলি-২৭

LRDoy 998 - 202, 2013

16.3.83

SEAL OF THE DISTRICT SUB-REGISTRAR
24 PARGANAS, ALIPORE
জেলা অবর নিবন্ধক
আলিপুর

Book I
Volume No 113
Pages 102 to 108
Being No 3829
For the Year 1983

SEAL OF THE DISTRICT SUB-REGISTRAR
24 PARGANAS, ALIPORE

22.5.85